রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১, ২০২১

## ২য় খণ্ড

## প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

**[ একই স্মারক নম্বরে স্থলাভিষিক্ত হবে ]**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ মাঘ ১৪২৭/২৪ জানুয়ারি ২০২১

**নং ১৭.০০.০০০০.০৮৪.১২.০৭০.২০.১২**—নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন নিম্নবর্ণিত কর্মকর্তা তাঁর নামের পাশে ৪ নং কলামে বর্ণিত তারিখে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত (টা: ২২,০০০—৫৩০৬০/-) 'নির্বাচন অফিসার' পদে যোগদান করেছেন এবং তাঁর যোগদানপত্র গৃহীত হয়েছে।

| ক্রমিক | কর্মকর্তা নাম | ২য় শ্রেণির গেজেটেড (প্রশাসনিক/ব্যক্তিগত) কর্মকর্তাগণের জ্যেষ্ঠতার তালিকা অনুযায়ী ক্রমিক নম্বর | যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব উত্তম কুমার দাস | ৬ | ১৭ জানুয়ারি ২০২১ তারিখ পূর্বাহ্নে |

**আব্দুল্যাহ্-আল-মোতাহ্‌সিম**
সিনিয়র সহকারী সচিব (জ. ব্য.৩)।

---

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

**নং ০৭.০০.০০০০.০৮২.১২.০০১.২০-৩১**—বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের নিম্নবর্ণিত ০২ জন কর্মকর্তাকে উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক সমমান পদে "জাতীয় বেতনস্কেল, ২০১৫" এর টাকা ৬৬,০০০—৭৬,৪৯০/- (গ্রেড-২) এ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলো :—

| ক্রমিক | নাম, বর্তমান পদবি ও কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত গ্রেড |
|---|---|---|
| ১. | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) (চ.দা.)<br>বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। | গ্রেড-২ |
| ২. | জনাব মোহাম্মদ গোলাম ছরওয়ার ভূঁঞা<br>সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) (চ.দা.)<br>এসএফসি (আর্মি) এর কার্যালয়, ঢাকা সেনানিবাস। | |

**শর্তসমূহ ঃ**

১. পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষ বরাবর যোগদান করবেন এবং বিধি মোতাবেক বেতন-ভাতিদি প্রাপ্য হবেন;

২. জনস্বার্থে জারীকৃত এ আদেশ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাছিমা আকতার**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/৩০ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ০৮.০১.০০০০.০১১.০১.০৯৯.১৯-০৮**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(খ) ধারার বিধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯-১৮৩২ নং প্রজ্ঞাপন এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৪৩৪৯/২০১৯ এর ২৯-০৫-২০১৯ খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে মুজিবনগর কর্মচারীকে মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য করে জনাব এ.বি.এম সালাহউদ্দিন, (জন্ম তারিখ ০২-০১-১৯৬১ খ্রিঃ)

রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) ঢাকাকে তাঁর বয়স ৬০ বছর পূর্তিতে ০১-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০২-০১-২০২১ খিঃ তারিখ হতে ০১-০১-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোঃ শামসুদ্দীন**
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)।

---

**কর প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ পৌষ, ১৪২৭/১৩ জানুয়ারি, ২০২১

নং **০৮.০১.০০০০.০২০.০১.০০১.২০.১৬**—জনাব মুহম্মদ বেলায়েত হোসেন সেখ, কর পরিদর্শক, কর অঞ্চল-বরিশাল-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ২৮-০২-২০২১ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ (২৩,৬৮০/-×১৮)=৪,২৬,২৪০/- (চার লক্ষ ছাব্বিশ হাজার দুইশত চল্লিশ ) টাকা ল্যাম্পগ্রান্টসহ ০১-০৩-২০২১ হতে ২৮-০২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.০০০০.০১১.০১.০৪৬.২০-২২**—জনাব মোঃ আমিনুল ইসলাম খান, (জন্ম তারিখ ১১-০১-১৯৬২ খ্রিঃ), রাজস্ব কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকাকে ১০-০১-২০২১ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্ডসহ ১১-০১-২০২১ খিঃ তারিখ হতে ১০-০১-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোঃ শামসুদ্দীন**
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)।

**কর প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **০৮.০১.০০০০.০২০.০১.৩৪৩.২১**—জনাব মামুন মাহমুদ, কর পরিদর্শক, সার্কেল-৯ (বৈতনিক), কর অঞ্চল-নারায়ণগঞ্জ-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ৩১-০১-২০২১ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ (৩০,২৬০/-×১৮)=৫,৪৪,৬৮০/- (পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত আশি) টাকা ল্যাম্পগ্রান্টসহ ০১-০২-২০২১ হতে ৩১-০১-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.০০০০.০১১.০১.০৭৩.২০-২৫**—জনাব মোঃ শাহ আলম, (জন্ম তারিখ ১৪-০২-১৯৬২ খ্রিঃ), সহকারী কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকাকে ১৩-০২-২০২১ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ১৪-০২-২০২১ খ্রিঃ তারিখ হতে ১৩-০২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **০৮.০১.০০০০.০১১.০১.০৪৫.২০-২৬**—জনাব আবদুল হান্নান চৌধুরী, (জন্ম তারিখ ০১-০১-১৯৬২ খ্রিঃ), সহকারী কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) ঢাকাকে ৩১-১২-২০২০ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ২৯ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.০০০০.০১১.০১.১০১.১৯-২৭**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(খ) ধারার বিধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯-১৮৩২ নং প্রজ্ঞাপন এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৫৪৮০/২০১৯ এর ০১-০৭-২০১৯ খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে মুজিবনগর কর্মচারীকে মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য করে জনাব তাজুল ইসলাম মোঃ নূরুন্নবী, (জন্ম তারিখ ০৫-০১-১৯৬১ খ্রিঃ) রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকাকে তাঁর বয়স ৬০ বছর পূর্তিতে ০৪-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০৫-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে ০৪-০১-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোঃ শামসুদ্দীন**
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)।

---

**কর প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **০৮.০১.০০০০.০২০.০১.৩৪১.২১**—জনাব মোঃ মাহবুবুল আলম, কর পরিদর্শক, কর অঞ্চল-রাজশাহীকে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ১১-০১-২০২১ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ (৩৯,৩৯০/-×১৮)=৭,০৯,০২০ (সাত লক্ষ নয় হাজার বিশ) টাকা ল্যাম্পগ্রান্টসহ ১২-০১-২০২১ হতে ১১-০১-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)।

---

**শুল্ক ও ভ্যাট প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ মাঘ ১৪২৭/২৫ জানুয়ারি ২০২১

নং **০৮.০১.০০০০.০১১.০১.০০৫.২১.৫১**—জনাব মোহাম্মদ মুছা খান (জন্ম তারিখ ০৫-০২-১৯৬২ খ্রিঃ), সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রামকে ০৪-০২-২০২১ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১) (ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ল্যাম্পগ্রান্টসহ ০৫-০২-২০২১ খ্রিঃ তারিখ হতে ০৪-০২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোঃ শামসুদ্দীন**
দ্বিতীয় সচিব।

---

**কর প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ মাঘ ১৪২৭/২৪ জানুয়ারি ২০২১

নং **০৮.০১.০০০০.০২০.০১.৩১৫.২০/২৭**—জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর অঞ্চল-৭, ঢাকা এর কর পরিদর্শক জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ এর চাকরি হতে অব্যাহতির আবেদনের প্রেক্ষিতে বিএসআর (১ম খণ্ড) এর ৩০০ বিধির আলোকে তাঁর ইস্তফাপত্র গৃহীত হওয়ায় নির্দেশক্রমে তাঁকে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)।

---

**[ একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত হবে ]**
**কর প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **০৮.০১.০০০০.০১৯.০৭.০০৪.২১.৩৭**—নির্দেশিত হয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন আয়কর বিভাগের কর্মকর্তা মিজ বীথি বড়ুয়া, অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল-১৯ (বৈতনিক), কর অঞ্চল-১, চট্টগ্রাম এর জন্ম তারিখ : ০১-০৩-১৯৬২ খ্রিষ্টাব্দ হিসেবে ২৮-০২-২০২১ খ্রিষ্টাব্দ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্তিতে চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩ (১)(ক) অনুযায়ী :

(ক) মিজ বীথি বড়ুয়া, অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল-১৯ (বৈতনিক), কর অঞ্চল-১, চট্টগ্রামকে ২৮-০২-২০২১ খ্রিষ্টাব্দ তারিখ হতে সরকারি চাকুরি থেকে অবসর প্রদান করা হলো; এবং

(খ) তাঁর অনুকূলে ০১-০৩-২০২১ খ্রিষ্টাব্দ তারিখ হতে ২৮-০২-২০২২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

২। তিনি বিধি মোতাবেক ১৮ (আঠার) মাস ছুটি নগদায়ন সুবিধা প্রাপ্য হবেন।

**মোসাঃ সেলিনা খাতুন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **০৮.০১.০০০০.০১৯.০৭.০০৫.২১.৪৭**—নির্দেশিত হয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন আয়কর বিভাগের কর্মকর্তা জনাব মোঃ তবদুল হোসেন, অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল-২৮ কর অঞ্চল-২ ঢাকা-এর জন্ম তারিখ

১৪-১১-১৯৬১ খ্রিষ্টাব্দ হিসেবে ১৩-১১-২০২০ খ্রিষ্টাব্দ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্তিতে চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩ (১)(ক) অনুযায়ী :

(ক) জনাব মোঃ তবদুল হোসেন, অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল-২৮ কর অঞ্চল-২ ঢাকাকে ১৩-১১-২০২০ খ্রিষ্টাব্দ তারিখে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো; এবং

(খ) তাঁর অনুকূলে ১৪-১১-২০২০ খ্রিষ্টাব্দ তারিখ হতে ১৩-১১-২০২১ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (PRL) মঞ্জুর করা হলো।

২। তিনি বিধি মোতাবেক ১৮ (আঠার) মাস ছুটি নগদায়ন সুবিধা প্রাপ্য হবেন।

**মোসাঃ সেলিনা খাতুন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.০০০০.০১১.০১.০৪৭.২০-৩৫**—জনাব কুলছুম বেগম, (জন্ম তারিখ ৩০-১০-১৯৬৩ খ্রিঃ), রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব), কাস্টম হাউস, চট্টগ্রামকে তাঁর ২৫-১১-২০২০ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ০১-০২-২০২১ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৪(১) ধারার বিধান অনুযায়ী চাকরি থেকে অবসর উত্তর ছুটি ব্যতিরেকে স্বেচ্ছায় সরাসরি অবসর প্রদান করা হলো।

০২। বিধি অনুযায়ী তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ছুটি নগদায়ন (লাম্পগ্র্যান্ট) হিসাবে মঞ্জুর করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ১৯ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **০৮.০১.০০০০.০১১.০১.০৫০.২০-৪৫৬**—জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী, (জন্ম তারিখ ২৫-১১-১৯৬১ খ্রিঃ), সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রামকে ২৪-১১-২০২০ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ল্যাম্পগ্রান্টসহ ২৫-১১-২০২০ খ্রিঃ তারিখ হতে ১০-০১-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোঃ শামসুদ্দীন**
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**অফিস আদেশ**

তারিখ : ২৬ পৌষ ১৪২৭/১০ জানুয়ারি ২০২১

নং **১০.০০.০০০০.১২৮.১১.০০১.১৬(অংশ)-১৫**—জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এর ৭(৩)(ক)-এ বর্ণিত শর্তাবলী পূরণ করায় এবং চাকরিকাল সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত কর্মকর্তাকে চাকরিতে যোগদানের তারিখ হতে প্রশাসনিক কর্মকর্তা পদে স্থায়ী করা হলো :

| ক্রমিক নং | নাম | পদবি | কর্মস্থল | যোগদানের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | মোঃ নূরে আলম | প্রশাসনিক কর্মকর্তা | জেলা জজ আদালত, নরসিংদী | ১০-০৭-২০১৯ |

**শাহরিয়ার মাহমুদ আদনান**
সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ ১৪২৭/১১ জানুয়ারি ২০২১

নং **১০.০০.০০০০.১২৮.০৮.০০১.২০১৯-২৫**—বগুড়া চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ জহুরুল ইসলাম সরকার-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩(১)(ক) ধারা অনুযায়ী ৫৯ (ঊনষাট) বৎসর পূর্তিতে ০৪-০১-২০২১ খ্রিঃ তারিখে অবসর প্রদান করা হলো। একই সাথে উক্ত আইনের ৪৭ ধারা অনুযায়ী ০৫-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে ০৪-০১-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

**শাহরিয়ার মাহমুদ আদনান**
সিনিয়র সহকারী সচিব।

**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১২৫.১২.০০১.১৬.২৯**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত সহকারী জজ/সমপর্যায়ের কর্মকর্তাগণকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৬ এর বেতন স্কেলের ৪র্থ গ্রেডে ৪৪৪৫০—৭২২১০ বেতনক্রম অনুসারে সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | বর্তমান পদবি ও কর্মস্থল | চাকরিতে যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব তরিকুল ইসলাম | মেট্রোপলিট ম্যাজিস্ট্রেট, খুলনা | ১৫-১১-২০১৫ |
| ২. | জনাব বাদল কুমার চন্দ | সহকারী জজ, সিরাজগঞ্জ | ১৫-১১-২০১৫ |
| ৩. | বেগম রুবাইয়া আকতার | সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ | ১৫-১১-২০১৫ |
| ৪. | বেগম শাফিয়া শারমিন | সহকারী জজ, ঢাকা | ১৫-১১-২০১৫ |
| ৫. | জনাব মোহাম্মদ রেজাউল হক | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুতুবদিয়া, কক্সবাজার | ১৫-১১-২০১৫ |
| ৬. | জনাব সহদেব চন্দ্র রায় | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী | ১৫-১১-২০১৫ |
| ৭. | বেগম সাবিনা ইয়াসমীন | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জামালপুর | ১৫-১১-২০১৫ |
| ৮. | জনাব মোঃ ইয়াছিন আরাফাত | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরগুনা | ১০-০১-২০১৬ |
| ৯. | বেগম ফাহা নূর রহমান | সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ | ১৫-১১-২০১৫ |
| ১০. | জনাব মোঃ আসাদুজ্জামান | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ | ১৫-১১-২০১৫ |
| ১১. | জনাব কার্তিক চন্দ্র ঘোষ | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর | ১৫-১১-২০১৫ |
| ১২. | বেগম মুহসিনা হোসেন তুষি | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শেরপুর | ১৫-১১-২০১৫ |
| ১৩. | জনাব সুমন কুমার কর্মকার | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল | ১৫-১১-২০১৫ |
| ১৪. | জনাব নয়ন বিশ্বাস | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, খুলনা | ১৫-১১-২০১৫ |
| ১৫. | বেগম ফারাহ্ দিবা ছন্দা | সহকারী জজ, নরসিংদী | ১৫-১১-২০১৫ |
| ১৬. | জনাব মোঃ সেলিম রেজা | জেলা লিগ্যাল এইড অফিসার, মেহেরপুর | ১৫-১১-২০১৫ |
| ১৭. | জনাব মোঃ উজ্জল মাহমুদ | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী | ১৫-১১-২০১৫ |
| ১৮. | জনাব অরূপ কুমার বসাক | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর | ১৫-১১-২০১৫ |
| ১৯. | জনাব জুয়েল দেব | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর | ১৫-১১-২০১৫ |
| ২০. | জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর | ১৫-১১-২০১৫ |
| ২১. | জনাব মোঃ লিটন হোসেন | সহকারী জজ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা | ১৫-১১-২০১৫ |
| ২২. | জনাব মাইনুল ইসলাম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বাঁশখালী, চট্টগ্রাম | ১৫-১১-২০১৫ |
| ২৩. | বেগম উজমা শুকরানা | সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ | ১৫-১১-২০১৫ |
| ২৪. | বেগম মোছাঃ শামীমা খাতুন | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর | ১৫-১১-২০১৫ |
| ২৫. | বেগম তাকিয়া সুলতানা | সহকারী জজ, নড়াইল | ২১-০৪-২০১৬ |
| ২৬. | জনাব মোঃ জাকী-আল-ফারাবী | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়ীয়া | ১৫-১১-২০১৫ |
| ২৭. | বেগম তারান্নুম রাহাত | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়ীয়া | ১৫-১১-২০১৫ |
| ২৮. | জনাব মিলন চন্দ্র পাল | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম | ১৫-১১-২০১৫ |
| ২৯. | বেগম মোছাঃ আসমা মাহ্মুদ | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বগুড়া | ১৫-১১-২০১৫ |
| ৩০. | বেগম সুবর্ণা সেঁজুতি | জেলা লিগ্যাল এইড অফিসার, মানিকগঞ্জ | ১৫-১১-২০১৫ |
| ৩১. | বেগম আশরাফুন নাহার | সহকারী জজ, জামালপুর | ১৫-১১-২০১৫ |
| ৩২. | জনাব পবন চন্দ্র বর্মন | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ | ১৫-১১-২০১৫ |
| ৩৩. | বেগম নুসরাত শারমিন | জেলা লিগ্যাল এইড অফিসার, ব্রাহ্মণবাড়ীয়া | ১৫-১১-২০১৫ |
| ৩৪. | জনাব রাজিব আহমেদ তালুকদার | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আজমেরীগঞ্জ, হবিগঞ্জ | ১৫-১১-২০১৫ |
| ৩৫. | জনাব সুধাংশু শেখর রায় | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী | ১৫-১১-২০১৫ |
| ৩৬. | বেগম জান্নাতুল রাফিন সুলতানা | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ | ১৫-১১-২০১৫ |
| ৩৭. | জনাব উৎপল ঘোষ | জেলা লিগ্যাল এইড অফিসার, নীলফামারী | ১৫-১১-২০১৫ |
| ৩৮. | জনাব মোঃ মনিরুজ্জামান সরকার | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর | ১৫-১১-২০১৫ |
| ৩৯. | জনাব সোহেল ম্রং | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা | ১৫-১১-২০১৫ |
| ৪০. | জনাব মোহাম্মদ আশিকুর রহমান | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দশমিনা, পটুয়াখালী | ১৫-১১-২০১৫ |
| ৪১. | জনাব বিলাস মন্ডল | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা | ১৫-১১-২০১৫ |
| ৪২. | বেগম সাদিয়া আফরীন | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর | ১৫-১১-২০১৫ |
| ৪৩. | জনাব সারোয়ার জাহান | মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম | ১৫-১১-২০১৫ |
| ৪৪. | জনাব আকরামুল ইসলাম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল | ১৫-১১-২০১৫ |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | বর্তমান পদবি ও কর্মস্থল | চাকরিতে যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ৪৫. | জনাব মোহাম্মদ ইকবাল হোসেন | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর | ১৫-১১-২০১৫ |
| ৪৬. | বেগম ইয়াসমিন নাহার | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা | ১৫-১১-২০১৫ |
| ৪৭. | জনাব আনোয়ার হোসেন সাগর | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জকিগঞ্জ, সিলেট | ১৫-১১-২০১৫ |

২। বর্ণিত কর্মকর্তাগণ স্ব-স্ব কর্মস্থলে পদোন্নতিপ্রাপ্ত পদে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কর্মরত থাকবেন।

৩। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন প্রাপ্তির বিষয়টি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি)আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১৩ এ বর্ণিত শর্তের আলোকে নির্ধারিত হবে।

৪। প্রেষণে অধ্যয়নরত ৩নং ক্রমিকের কর্মকর্তা বেগম রুবাইয়া আকতার ও শিক্ষা ছুটিতে অধ্যয়নরত ৯নং ক্রমিকের কর্মকর্তা বেগম ফারহা নূর রহমান এর পদোন্নতি যথাক্রমে প্রেষণ ও শিক্ষা ছুটি শেষে এ বিভাগে যোগদান সাপেক্ষে জ্যেষ্ঠতা অক্ষুণ্ন রেখে কার্যকর হবে। অপরাপর কর্মকর্তাগণের পদোন্নতি প্রজ্ঞাপন জারির তারিখ হতে কার্যকর হবে।

৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ গোলাম মাহবুব**
উপসচিব (প্রশাসন-১)।

**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ মাঘ ১৪২৭/২১ জানুয়ারি ২০২১

নং **১০.০০.০০০০.১২৮.০৮.০০১.২০২১-৪০**—চাঁপাইনবাবগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আশরাফুল হক-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩(১)(ক) ধারা অনুযায়ী ৫৯ (ঊনষাট) বৎসর পূর্তিতে ০১-০২-২০২১ খ্রিঃ তারিখে অবসর প্রদান করা হলো। একই সাথে উক্ত আইনের ৪৭ ধারা অনুযায়ী ০২-০২-২০২১ খ্রিঃ তারিখ হতে ০১-০২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনের অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

**শাহরিয়ার মাহমুদ আদনান**
সিনিয়র সহকারী সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ পৌষ ১৪২৭/১১ জানুয়ারি ২০২১

নং **২৫.০০.০০০০.০১৩.১৩.০৩৬.২০২০-০৪**—গণপূর্ত অধিদপ্তরের অধীন কুমিল্লা গণপূর্ত সার্কেল, কুমিল্লা এর সহকারী প্রকৌশলী (ই/এম) জনাব মোঃ মাহবুবুর রহমান-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩১-০১-২০২১ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০২-২০২১ হতে ৩১-০১-২০২২ তারিখ পর্যন্ত ১ (এক) বছর অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

নং **২৫.০০.০০০০.০১৩.১৩.০৩৩.২০২০-০৫**—গণপূর্ত অধিদপ্তরের অধীন কিশোরগঞ্জ গণপূর্ত ই/এম উপ-বিভাগ, কিশোরগঞ্জ এর উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম)(চঃদাঃ) জনাব মোঃ ইকবাল-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০৯-১২-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২।তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ১০-১২-২০২০ হতে ০৯-১২-২০২১ তারিখ পর্যন্ত ১ (এক) বছর অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩।তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ : ২৮ পৌষ ১৪২৭/১২ জানুয়ারি ২০২১

নং **২৫.০০.০০০০.০১৩.১৩.০৩৫.২০২০-০৬**—গণপূর্ত অধিদপ্তরের অধীন আজিমপুর গণপূর্ত উপ-বিভাগ-১, ঢাকা এর উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) জনাব মীর মোঃ রাশীদুল হাসান-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং

আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩১-১২-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২।তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০১-২০২১ হতে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত ১ (এক) বছর অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩।তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

নং **২৫.০০.০০০০.০১৩.১২.০০৫.২০১০-০৭**—স্থাপত্য অধিদপ্তরের নিম্নবর্ণিত ০২ জন নির্বাহী স্থপতিকে তত্ত্বাবধায়ক স্থপতি পদে চলতি দায়িত্ব প্রদানপূর্বক তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো :

১. জনাব মোঃ তাহের আজাদ, নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা—তত্ত্বাবধায়ক স্থপতি (চলতি দায়িত্ব), স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।

২. জনাব নওয়াজীশ মাহবুব, নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা—তত্ত্বাবধায়ক স্থপতি (চলতি দায়িত্ব), স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোতাহার হোসেন**
উপসচিব।

**অফিস আদেশ**

তারিখ : ২৭ পৌষ ১৪২৭/১১ জানুয়ারি ২০২১

নং **২৫.০০.০০০০.০১৩.১৩.০১১.২০১৯-১৩**—স্থাপত্য অধিদপ্তরের ২৫ (পঁচিশ) বছর পূর্তিতে স্বেচ্ছায় অবসরপ্রাপ্ত তত্ত্বাবধায়ক স্থপতি (চলতি দায়িত্ব) জনাব মোজাদ্দেদ হোসেন খান এর অনুকূলে ছুটি প্রাপ্যতা অনুযায়ী ০৯ মাস ২৮ দিনের নগদায়ন (ল্যাম্পগ্রান্ট) মঞ্জুর করা হলো।

**মোঃ মোতাহার হোসেন**
উপসচিব।

**খাদ্য মন্ত্রণালয়**
**(সংস্থা প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৬ মাঘ, ১৪২৭ ব./২০ জানুয়ারি, ২০২১ খ্রি.

নং **১৩.০০.০০০০.০২২.০৬.০০১.১৬(অংশ-১)-৩৯**—সুপিরিয়র সিলেকশন বোর্ডের ১৭ জানুয়ারি ২০২১ তারিখের সভার (২০২১ সালের ২য় সভা) সুপারিশ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ জানুয়ারি ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৩৩. ১২.১২৬.২০-৩৭ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে খাদ্য অধিদপ্তরের পরিচালক পদে কর্মরত বিসিএস (খাদ্য) ক্যাডারের নিম্নবর্ণিত ৬ জন কর্মচারীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৩য় গ্রেডভুক্ত (টাকা : ৫৬,৫০০—৭৪,৪০০/-) পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মচারীর নাম, পদবি, বর্তমান কর্মস্থল |
|---|---|
| ১ | ২ |
| ১। | মোঃ আবদুল আজিজ মোল্লা,<br>অতিরিক্ত মহাপরিচালক (চ.দা), খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা |
| ২। | এ. কে. এম. ফজলুর রহমান<br>পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা |
| ৩। | আব্দুল্লাহ আল মামুন<br>পরিচালক, (প্রশাসন), খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা |
| ৪। | মোঃ মাহমুদ হাসান<br>পরিচালক, (হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা |
| ৫। | মোঃ আমজাদ হোসেন<br>পরিচালক, (সরবরাহ, বণ্টন ও বিতরণ), খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা |
| ৬। | এফ. এম. মিজানুর রহমান<br>পরিচালক, (পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা), খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৮ পৌষ ১৪২৭/১২ জানুয়ারি ২০২১

নং **১৩.০০.০০০০.০২২.১৩.০০৩.২১.১৫**—খাদ্য অধিদপ্তরাধীন জনাব মোঃ নাসির উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগাছা, রংপুর-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ২৫-০৩-২০২১ খ্রি. তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো :

| কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | এসএসসি/সমমানের সার্টিফিকেট অনুযায়ী জন্ম তারিখ | অবসর গ্রহণের তারিখ | অবসর-উত্তর ছুটির মেয়াদকাল |
|---|---|---|---|
| জনাব মোঃ নাসির উদ্দিন,<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,<br>পীরগাছা, রংপুর | ২৬-০৩-১৯৬২ খ্রি. | ২৫-০৩-২০২১ খ্রি. | ২৬-০৩-২০২১ খ্রি. হতে ২৫.০৩.২০২২ খ্রি. |

২। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ ২(খ) অনুসারে অবসর-উত্তর ছুটির (পিআরএল) অতিরিক্ত ছুটি পাওনা থাকায় পিআরএল পূর্ব মাসিক মূল বেতনের ভিত্তিতে তার অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ (ছুটি নগদায়ন) ২৬-০৩-২০২১ খ্রি. হতে ২৫-০৩-২০২২ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **১৩.০০.০০০০.০২২.১৩.০০৪.২১.১৬**—খাদ্য অধিদপ্তরাধীন জনাব রিজিয়া বারী, সহকারী উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি আইন ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ১০-০২-২০২১ খ্রি. তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো :

| কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | এসএসসি/সমমানের সার্টিফিকেট অনুযায়ী জন্ম তারিখ | অবসর গ্রহণের তারিখ | অবসর উত্তর ছুটির মেয়াদকাল |
|---|---|---|---|
| জনাব রিজিয়া বারী সহকারী উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। | ১১-০২-১৯৬২ খ্রি. | ১০-০২-২০২১ খ্রি. | ১১-০২-২০২১ খ্রি. হতে ১০-০২-২০২২ খ্রি. |

২। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ ২(খ) অনুসারে অবসর-উত্তর ছুটির (পিআরএল) অতিরিক্ত ছুটি পাওনা থাকায় পিআরএল পূর্ব মাসিক মূল বেতনের ভিত্তিতে তার অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ (ছুটি নগদায়ন) ১১-০২-২০২১ খ্রি. হতে ১০-০২-২০২২ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **১৩.০০.০০০০.০২২.১৩.০০২.২১.১৭**—খাদ্য অধিদপ্তরাধীন জনাব মোঃ ছায়েদুল ইসলাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বদরগঞ্জ, রংপুর-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০১-০২-২০২১ খ্রি. তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো :

| কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | এসএসসি/সমমানের সার্টিফিকেট অনুযায়ী জন্ম তারিখ | অবসর গ্রহণের তারিখ | অবসর উত্তর ছুটির মেয়াদকাল |
|---|---|---|---|
| জনাব মোঃ ছায়েদুল ইসলাম উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বদরগঞ্জ, রংপুর। | ০২-০২-১৯৬২ খ্রি. | ০১-০২-২০২১ খ্রি. | ০২-০২-২০২১ খ্রি. হতে ০১-০২-২০২২ খ্রি. |

২। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ ২(খ) অনুসারে অবসর-উত্তর ছুটির (পিআরএল) অতিরিক্ত ছুটি পাওনা থাকায় পিআরএল পূর্ব মাসিক মূল বেতনের ভিত্তিতে তার অনুকূলে ১২ (বার) মাস ১৫ (পনেরো) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ (ছুটি নগদায়ন) ০২-০২-২০২১ খ্রি. হতে ০১-০২-২০২২ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৪ পৌষ, ১৪২৭ ব./২৯ ডিসেম্বর, ২০২০ খ্রি.

নং **১৩.০০.০০০০.০২২.১১.০০৪.১৯.৪৮৫**—৩৭তম বিসিএস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে 'নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০১০' এবং "সংশোধিত বিধিমালা-২০১৪" অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ১০-১০-২০১৯ খ্রি. তারিখের ৮০.১০১.০৩৬.০২.০০.০০২.২০১৮-৪১৭ নং পত্রের মাধ্যমে সুপারিশকৃত ৭৫ (পঁচাত্তর) জনের মধ্যে প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত, স্বাস্থ্যগত প্রতিবেদন যাচাই এবং প্রতিবন্ধী প্রার্থীর তথ্য যাচাই এর ভিত্তিতে ইতোমধ্যে নিয়োগ প্রদত্ত ৫৫ (পঞ্চান্ন) জন প্রার্থীর ধারাবাহিকতায় প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত এবং স্বাস্থ্য পরীক্ষায় ইতিবাচক প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে নিম্ন বর্ণিত ০৪ (চার) জন প্রার্থীকে খাদ্য অধিদপ্তরের অধীনস্থ নন-ক্যাডার 'খাদ্য পরিদর্শক/কারিগরি খাদ্য পরিদর্শক' জাতীয় বেতন স্কেল,২০১৫ গ্রেড-১০ এর বেতনক্রমে (১৬,০০০—৩৮,৬৪০/-) নিম্নের শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) তাকে সরকার কর্তৃক নির্ধারিত পেশাগত ও বিশেষ যে কোনো ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) শর্ত (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ (যদি থাকে) এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) শর্ত (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদাতাসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষনবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে যেতে হবে।

(ঙ) তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন তবে শর্ত (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঝ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাকে চাকরিতে যোগদানের সময় খাদ্য অধিদপ্তরে জমা দিতে হবে;

(ঞ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

২। পদের নাম : খাদ্য পরিদর্শক/কারিগরি খাদ্য পরিদর্শক

| ক্রঃ নং | প্রার্থীর নাম ও রেজিঃ নম্বর | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|
| ১। | মোঃ ইশমাম ইবনে খতিব ০৬০২৮৬ | পিতা-মোঃ খতিবুর রহমান ফ্ল্যাট নং : সৌরভ-৫৫, গ্রাম/শহর : রায়নগর দর্জিপাড়া, ডাকঘর : সিলেট-৩১০০ উপজেলা/থানা : সিলেট সদর, জেলা : সিলেট | রুম নং-৪১৭, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ঢাকা |
| ২। | মোঃ ওয়াসিম আকরাম ০৩৪৪৭৫ | পিতা- মৃত ইয়াছিন আলী গ্রাম/শহর : মহদীপুর, ডাকঘর : খয়েরপুর থানা/উপজেলা : মিরপুর, জেলা : কুষ্টিয়া | কক্ষ নং ৫১৩, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, ঢাকা বিশ্ববিদ্যালয়। ঢাকা বিশ্ববিদ্যালয়, রমনা, ঢাকা |
| ৩। | রাসেল ইবনে মাহমুদ ০৯৯৯৬৪ | পিতা-মোহাম্মদ আলী বাড়ি, ফ্ল্যাট ও সড়ক নম্বর : বাড়ী #২, সাতরং রোড, গ্রাম/শহর : আরিচপুর, ডাকঘর : মন্নুনগর, থানা/উপজেলা : টংগী, জেলা : গাজীপুর | বাড়ি, ফ্ল্যাট ও সড়ক নম্বর : বাড়ি #২, সাতরং রোড, গ্রাম/শহর : আরিচপুর, ডাকঘর : মন্নুনগর, থানা/উপজেলা : টংগী, জেলা : গাজীপুর |
| ৪। | জান্নাত জাহান জেমিনি ০৫২০৫৭ | পিতা-আব্দুল জব্বার গ্রাম/শহর : সজবরখিলা, ডাকঘর : শেরপুর সদর-২১০০, উপজেলা/থানা : শেরপুর সদর, জেলা : শেরপুর | পিতা-আব্দুল জব্বার গ্রাম/শহর : সজবরখিলা, ডাকঘর : শেরপুর সদর-২১০০, উপজেলা/থানা : শেরপুর সদর, জেলা : শেরপুর |

৩। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ৩১ ডিসেম্বর ২০২০ খ্রি./১৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ পূর্বাহ্নে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর যোগদানের জন্য তাকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে কেউ চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান খান**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]**

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **১২.০০.০০০০.০৫৪.১২.০০৭.১৯-২০**—কৃষি মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি কমিটির ১২-০১-২০২১খ্রিঃ তারিখের সভার সুপারিশক্রমে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত নিম্নবর্ণিত ০২ (দুই) জন ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (গ্রেড-৬)-কে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (গ্রেড-৪, জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ৫০০০০—৭১২০০/-) পদে পদোন্নতি প্রদানপূর্বক তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | মোঃ নাজমুল ইসলাম ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এলআর), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, ঢাকা। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (গ্রেড-৪) | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট আঞ্চলিক কার্যালয়, মাদারীপুর। |
| ২. | অমরেন্দ্র নাথ বিশ্বাস ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা প্রেষণে পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তা, গোপালগঞ্জ-খুলনা-বাগেরহাট-সাতক্ষীরা-পিরোজপুর কৃষি উন্নয়ন প্রকল্প (এসআরডিআই অংশ), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, খুলনা। | | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট বিভাগীয় কার্যালয়, খুলনা। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুজ্জামান**
উপসচিব।

**গবেষণা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ মাঘ ১৪২৭/১৭ জানুয়ারি ২০২১

নং **১২.০০.০০০০.০৬৪.১৩.০০২.১৯.২২**—"সরকারি চাকরি আইন, ২০১৮" এর ৪৩(১)(ক) উপ-ধারা অনুযায়ী বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর পরিচালক (গবেষণা)-চলতি দায়িত্ব, ড. হোসনেয়ারা বেগম-এর অনুকূলে ২৩-০১-২০২১ তারিখে চাকরি থেকে অবসর ও ২৪-০১-২০২১ হতে ২৩-০১-২০২২ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আছমা-উল-হোসনা**
সহকারী সচিব।

**সম্প্রসারণ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/১৯ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **১২.০৫৪.০১৯.০০১.০০.০৯৪.২০১৩-২৯**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত নিম্নবর্ণিত কর্মকর্তা-কে তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো :

১. ড. মোঃ আফছার আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রাজশাহী—প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, সিলেট।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুজ্জামান**
উপসচিব।

**পরিকল্পনা-৭ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ মাঘ, ১৪২৭ ব./১৯ জানুয়ারি ২০২১ খ্রিঃ

নং **১২.০০.০০০০.০৮৯.১৪.১৭৯.১৯.৩০**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) এর নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো :

